

শ্রীগুরু কথামৃত বিন্দু

৮ম সংখ্যা | ২০২১



শ্রীশ্রীমৎ জয়পতাকা স্বামী

গুরুমহারাজের শিষ্যবৃন্দ এবং তাঁর শুভাকাঙ্ক্ষীদের জন্য

কখন গুরু তার শিষ্যকে বর্জন করেন

বিশ্বব্যাপী ভক্তমন্ডলীর কাছে লেখা
শ্রীল জয়পতাকা স্বামী গুরুমহারাজের
পত্রাবলী থেকে সারসংক্ষেপ

তোমার প্রশ্ন সম্পর্কে বলি, কি করতে হবে আর কি না করতে হবে, তা শাস্ত্র এবং গুরুর উপদেশাবলী শ্রবণের মাধ্যমেই ক্রমে ক্রমে শিখে নিতে হয় এবং কোনটা করা উচিত আর কোনটা করা উচিত নয়, তা বোঝবার ক্ষমতা অর্জন করতে হবে পরিমার্গিক বুদ্ধিমত্তা গড়ে তোলার মাধ্যমে। যা কিছু কৃষ্ণের প্রীতিবিধান করে, তাই করতে হয়, আর কৃষ্ণের কাছে যা প্রীতিপ্রদ নয়, তা বর্জন করতেই হয়। কৃষ্ণের কাছে কোনটা প্রীতিপ্রদ তা জানতে হলে, কোনটা গুরুর কাছে সন্তোষজনক, তাই জেনে নিতে হয়।

আশা করি তুমি নিয়মিত জপ করছ এবং কৃষ্ণপ্রসাদ সেবন করছ। মনে করে না যে গুরু তোমাকে বর্জন করেছেন, এটা খুব বাজে কথা। শিষ্য গুরুকে বর্জন না করলে, গুরু কেন শিষ্যকে বর্জন করতে যাবেন? গুরু শুধুই শিষ্যকে কৃষ্ণের কাছে ফিরে যেতে সহায়তা করার ব্যাপারে আগ্রহান্বিত। কেবল যখন শিষ্য কৃষ্ণের

কাছে আর ফিরে যেতে চায় না এবং গুরুকে পরিত্যাগ করে, তখনই ওঠে এই প্রশ্ন। তুমি যেহেতু একজন নিষ্ঠাবান ভক্ত হয়ে কৃষ্ণের কাছে যেতে চাইছ, কেন এই সমস্ত আজীবাজে কথা চিন্তা কর? প্রকৃতপক্ষে কৃষ্ণকথা শোনার মাধ্যমে এবং ভগবৎ-সেবায় নিয়োজিত থেকে কৃষ্ণের প্রতি আরও আরও বেশি করে আসক্ত হওয়ার উদ্দেশ্যে তোমাকে ভগবৎ-সেবায় দৃঢ়বদ্ধ হয়ে থাকতে হবে।

দীক্ষা হল অন্তরে গুরুকে গ্রহণ করা

তোমার প্রশ্নের বিষয়, ঐ যে দু'জন শিষ্য দীক্ষার পরের দিনই গুরুর প্রমাদ সৃষ্টি করেছে, তাদের আমি দীক্ষিত করিনি বলে যা বলেছি, তাতে আমি কি বলতে চেয়েছি। আমি আসলে বলতে চেয়েছি যে, ওরা এটাকে গ্রহণ করেনি। দীক্ষা বলতে বোঝায় গুরুকে অন্তরের মাঝে গ্রহণ করে নেওয়া, শুধুমাত্র আনুষ্ঠানিকতাটাই নয়। যদি ওরা দীক্ষা নিয়ে তার পরে ছেড়ে দেয়, তা হলে ওরা ওদের গুরুকে স্বীকার করল কোথায়? সুতরাং, কি করে সেই দীক্ষার মূল্য থাকে? কিন্তু কেউ যদি, দীক্ষা নিয়ে, গুরুকে অন্তরে মেনে নেয় এবং তাঁর সেবা করে, তবেই তো জন্ম-জন্মান্তর ধরে গুরু আর তার মধ্যে একটা সম্বন্ধ-সম্পর্ক গড়ে ওঠে।

তথ্য সূত্র: শ্রীগুরু মুখ পদ্যবাক্য, প্রথম সংখ্যা, পৃষ্ঠা: ১৬-১৭

শ্রীগুরু কথামৃত বিন্দু


জে.পি.এস আর্কাইভস

ফ্ল্যাট এস-১, তৃতীয়তল, প্রভুপাদ নিবাস, অভয়নগর,
পোঃ- শ্রীধাম মায়াপুর, নদীয়া, পশ্চিমবঙ্গ-৭৪১৩১৩।

magazine.jpsarchives@gmail.com

+919681916108

www.jayapatakaswamiarchives.net



ভিক্টোরী ফ্লাগ পাবলিকেশন্স প্রকাশিত

লেখক: শ্রীশ্রীমৎ জয়পতাকা স্বামী

+919800915553